দৈনিক ইনকিলাব
তারিখ JUL 17 1999
পৃঃ ... কলাম ৭




*ইনকিলাব ঃ পবিত্র কোরআন অবমাননা ও মাদ্রাসা শিক্ষা বন্ধের ষড়যন্ত্রের প্রতিবাদে গতকাল ইসলামী ঐক্যজোট নগরীতে বিক্ষোভ মিছিল বের করে*

### সমাবেশে ইসলামী ঐক্য জোট নেতৃবৃন্দ

## তৌহিদী জনতা মাদ্রাসা শিক্ষা বন্ধের চক্রান্ত বরদাশত করবে না

**স্টাফ রিপোর্টার ঃ** ইসলামী ঐক্যজোট-এর নেতৃবৃন্দ বলেছেন, সরকার দেশকে ধর্মহীন করার চক্রান্ত করছে। কওমী মাদ্রাসা বন্ধের ষড়যন্ত্র করে সরকার ব্যর্থ হয়েছে। নেতৃবৃন্দ বলেন, তৌহিদী জনতা মাদ্রাসা শিক্ষা বন্ধের চক্রান্ত বরদাশত করবে না। বিভিন্ন স্থানে পবিত্র কোরআনের অবমাননা এবং মাদ্রাসা

শেষ পৃঃ ৪-এর কঃ দেখুন

### ইসলামী ঐক্যজোট

প্রথম পৃষ্ঠার পর

শিক্ষা বন্ধের চক্রান্তের প্রতিবাদে গতকাল বাদ জুমা বিক্ষোভ দিবস উপলক্ষে পুরানা পল্টনস্থ হাউজ বিল্ডিং মোড়ে ইসলামী ঐক্যজোট আয়োজিত সমাবেশে নেতৃবৃন্দ বক্তব্য রাখছিলেন। মহানগর জোট আহবায়ক মাওলানা আব্দুর রব ইউসুফীর সভাপতিত্বে সমাবেশে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন মাওলানা আব্দুল লতিফ নেজামী, মাওলানা আব্দুর রশিদ মজুমদার, নোয়াব আলী ভুঁইয়া, মাওলানা মোঃ আবু তৈয়্যেব ও এডভোকেট খলিলুর রহমান।

নেতৃবৃন্দ বলেন, আওয়ামী লীগ সরকার যতবার ক্ষমতায় এসেছে ততবার ধর্মীয় শিক্ষার উপর আঘাত হেনেছে। নেতৃবৃন্দ বলেন, সরকার দেশের এক-দশমাংশ পার্বত্য চট্টগ্রাম ভারতের সন্ত্রাসীদের হাতে তুলে দিয়ে দেশকে ভারতের অঙ্গরাজ্যে পরিণত করতে চাচ্ছে। এই অবস্থা চলতে থাকলে আগামীতে বাংলাদেশ কাশ্মীরে পরিণত হবে। সভাপতির বক্তব্যে মাওলানা আব্দুর রব ইউসুফী অবিলম্বে মাদ্রাসা স্বীকৃতি প্রত্যাহার এবং এমপিও বন্ধের আদেশ বাতিল ও পবিত্র কোরআন অবমাননার সাথে জড়িতদের বিরুদ্ধে কঠোর শাস্তির দাবী জানান। এর আগে বায়তুল মোকাররম মসজিদের দক্ষিণ গেটে সমাবেশ শুরু হলে পুলিশ বাধা দিলে বিক্ষোভ মিছিলসহ নেতৃবৃন্দ হাউজ বিল্ডিং-এর সামনে সমাবেশে মিলিত হন।